শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৩.০৪.০২৯.১৭-২৪৩

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৬
০৫ মে ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫০৫৭/২০১৬ মামলার ১৭.১২.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৫৪৫/২০১৯ মামলায় হাইকোর্টের রায় স্থগিতের ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রম TMED কে অবহিতকরণ।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং--৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯-১৫৭.১৩২৪ তারিখ: ২০.০৩.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব হাবিবুর রহমান, পিতা- মৃত: আব্দুস সামাদ, দেবীগঞ্জ, পঞ্চগড় গং (০৮ জন- টাইপিং ল্যাব ও সহকারী লাইব্রেরিয়ান) কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানে যোগদান করে এমপিওভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৫৭/২০১৬ দায়ের করা হয়

০২ উল্লেখ্য, পিটিশনারগণ (০৮ জন) জনবল কাঠামো ১৯৯৫ এর আওতায় বিভিন্ন তারিখে নিজ নিজ প্রতিষ্ঠানে সহকারী লাইব্রেরীয়ান এবং টাইপিং ল্যাব সহকারী পদে যোগদানপূর্বক কর্মরত রয়েছেন মর্মে আর্জিতে উল্লেখ করা হয়।

০৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) -এ সহকারী লাইব্রেরীয়ান এবং টাইপিং ল্যাব সহকারী পদটি প্যাটার্নভুক্ত করা হয়নি।

০৪। বর্ণিত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৭.১২.২০১৮ খ্রি. তারিখে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:

In the result. the Rule is disposed of. The respondents are hereby directed to enlist the name of the petitioners in the Monthly Payment Order (MPO) and also allow the petitioners to withdraw their salary along with arrear bills within 1 (one) month on receipt of this order without any fail.

০৫ বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সচিব, TMED এবং DG, DTE এর স্বাক্ষরিত ওকালতনামা ও অথরাইজেশন লেটার এবং দফাওয়ারী জবাব গত ২৩.০৪.১৭ খ্রি. তারিখে সলিসিটর উইং বরাবর প্রেরণ করা হয়।

০৬। রিট পিটিশন নং-১৫০৫৭/২০১৬ মামলায় গত ১৭.১২.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে CMP/CP দায়েরসহ রায় স্থগিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য DTE কর্তৃক এর তাঁর দপ্তরের বিজ্ঞ আইনজীবীকে অনুরোধ করা হয় ।

০৭। DTE এর বিজ্ঞ আইনজীবী কর্তৃক বর্ণিত রিট মামলার রায়/আদেশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৫৪৫/২০১৯ দায়ের করা হয়। তবে রিট মামলায় (রিট পিটিশন নং-১৫০৫৭/২০১৬) গত ১৭.১২.১৮ খ্রি. তারিখের রায়/আদেশ স্থগিত হয়েছে কিনা এমর্মে কোন প্রমাণক DTE থেকে পাওয়া যায়নি।

০৮। উল্লেখ্য, মহামান্য আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৫৪৫/২০১৯ মামলায় হাইকোর্টের রায় জরুরিভিত্তিতে স্থগিত করা আবশ্যক।

০৯। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫০৫৭/২০১৬ মামলায় গত ১৭.১২.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৫৪৫/২০১৯ মামলায় হাইকোর্টের রায় স্থগিতের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাদি আগামী ২০.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিকে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

০৫/০৫/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২ প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ স চিবালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩ অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫ অফিস কপি/মাস্টার কপি।